O/C


# JAMINI MAZUMDER MEMORIAL COLLEGE

ESTD.- 2008

P.O.- Patiram, Dist.- Dakshin Dinajpur, Pin- 733133, W.B.
Phone/Fax No.- 03522-253016

Website- www.jmmcollegepatiram.org
Email- jmmcollegemail@gmail.com


Ref. No.-______________ Date- 12/09/2025

JAMINI MAZUMDER MEMORIAL COLLEGE ESTD-2008 Patiram, D/Dinajpur

## বিজ্ঞপ্তি

এতদ্বারা মহাবিদ্যালয়ের সকল ছাত্র-ছাত্রীকে জানানো যাচ্ছে যে, আগামী ১৫/০৯/২০২৫ তারিখ থেকে মহাবিদ্যালয়ের লাইব্রেরী থেকে বই আদান প্রদান শুরু হবে।

### •লাইব্রেরী থেকে বই তোলা ও জমা করার নিয়মাবলী।

১: লাইব্রেরী ও রিডিং রুমের ভেতরে ও বাইরের চত্বরে উচ্চস্বরে কথা বলা যাবে না। এখানকার নীরবতা বজায় রাখতে হবে।

২: লাইব্রেরীর বাইরে রাখা র‍্যাকে ব্যাগ রেখে, জুতো খুলে, মোবাইল সাইলেন্ট করে- কলম, লাইব্রেরী কার্ড ও রিডিং রুম কার্ড হাতে নিয়ে ও অনুমতি নিয়ে ভেতরে প্রবেশ করতে হবে।

৩: বিশেষ কারণ ছাড়া লাইব্রেরীতে একসঙ্গে ৫ জনের বেশি প্রবেশ করা যাবে না।

৪: লাইব্রেরীতে অপ্রয়োজনে থাকা যাবে না।

৫: প্রত্যেক ছাত্রছাত্রী কলেজ প্রদত্ত আইডেনটিটি কার্ড (পরিচয়পত্র) দেখিয়ে, লাইব্রেরী কার্ডের মাধ্যমে লাইব্রেরী থেকে ১ টি করে বই তুলতে/ নিতে পারবে।

৬: লাইব্রেরী থেকে নেওয়ার সময় বইটি ভালো করে দেখে নিতে হবে। নেওয়ার পর বইটি ছিড়ে, পুড়ে, ভিজে বা হারিয়ে গেলে তার ক্ষতিপূরণ দিতে হবে।

৭: বই তোলার/নেওয়ার ৭ দিনের মধ্যে তা জমা দিতে হবে। নির্দিষ্ট তারিখের মধ্যে বই জমা না করলে দৈনিক ২ টাকা দিন হিসেবে জরিমানা দিতে হবে।

৮: বই জমা-র নির্দিষ্ট তারিখে কলেজ বন্ধ থাকলে তার আগে বা পরের দিন অবশ্যই বইটি জমা দিতে হবে।

৯: প্রতি সেমিস্টারের পরীক্ষার ফর্ম ফিলাপ শুরু হলেই আর বই তোলা যাবে না। পরীক্ষা শুরুর আগেই যাদের বই নেওয়া থাকবে তাদের সকলকেই বই জমা দিতে হবে। পরীক্ষার সময় নিজেদের কাছে বই রাখা যাবে না। (পরীক্ষার সময় লাইব্রেরী বন্ধ থাকে)

১০: আইডেনটিটি কার্ড, লাইব্রেরী কার্ড ও রিডিং রুম কার্ড সঙ্গে না থাকলে লাইব্রেরীতে প্রবেশ করা বা বই নেওয়া যাবে না।

১১: লাইব্রেরীতে ***OPAC SYSTEM*** আছে। ছাত্র ছাত্রীরা রেজিস্ট্রেশন করবে। নিয়ম বাইরে দেওয়া আছে।

## বই তোলার দিন ও সময়:

\# সোমবার থেকে শুক্রবার বেলা ১১ টা থেকে ২টা পর্যন্ত এবং ২:৩০ টা থেকে ৩:৩০টা পর্যন্ত।

\# **শনিবার বন্ধ** (লাইব্রেরীর আভ্যন্তরীন কাজের জন্য)।

12-09-25

অনুমত্যানুসারে
ভারপ্রাপ্ত অধ্যক্ষ
ড. রমেন ভদ্র
যামিনী মজুমদার মেমোরিয়ালল কলেজ
পতিরাম, দক্ষিণ দিনাজপুর

Teacher-in-charge
Jamini Mazumder Memorial College
Patiram, Dakshin Dinajpur

JAMINI MAZUMDER MEMORIAL COLLEGE
ESTD.- 2008
P.O.- Patiram, Dist.- Dakshin Dinajpur, Pin- 733133, W.B.
Phone/Fax No.- 03522-253016
Website- www.jmmcollegepatiram.org
Email- jmmcollegemail@gmail.com

Ref. No.-

# বিজ্ঞপ্তি

Date- 12/09/2025

## লাইব্রেরী থেকে বই তোলা, জমা ও রিডিংরুম ব্যবহারের নিয়মাবলী :

১: রিডিং রুমে প্রবেশ করতে হলে অবশ্যই লাইব্রেরী রিডিং কার্ড সঙ্গে থাকতে হবে।
২: রিডিং কার্ড দিয়ে লাইব্রেরী থেকে বই নিয়ে রিডিং রুমে পড়তে পারবে।
৩: যাদের রিডিং রুম কার্ড নেই, তাদের এক কপি ছবি ও ভর্তির রিসিভ/আইডেনটিটি কার্ড/লাইব্রেরী কার্ড এনে লাইব্রেরী থেকে বানিয়ে নিতে হবে।
৪: বই নেওয়ার সময় লাইব্রেরী ও রিডিং রুমে রাখা রেজিস্টার খাতায় বইয়ের নম্বর, কলেজ রোল, সেমিস্টার লিখে, বই নেওয়া ও জমা দেওয়ার সময় এবং তারিখ নথিভুক্ত করতে হবে।
৫: রিডিং রুমের কম্পিউটার ব্যবহার করার পর অবশ্যই কম্পিউটার বন্ধ করতে হবে।
৬: রিডিং রুমে বিশেষ ক্লাশ ও লেখাপড়া ছাড়া অযথা গল্প, আড্ডা ও মোবাইল বাবহার করা যাবে না।
৭: রিডিং রুমে কোনোরকম কাগজ বা খাবারের কোনো অংশ বা প্যাকেট ফেলে নোংরা করা যাবে না। রিডিং রুমের পরিচ্ছন্নতা ও নীরবতা বজায় রাখতে হবে।
৮: সোমবার থেকে শুক্রবার ১১:০০ টা থেকে ৪:০০ টা পর্যন্ত রিডিং রুম খোলা থাকবে।
৯: বিশেষ কোনো কারণ ছাড়া শনিবারে রিডিং রুমে প্রবেশ নিষেধ।

12.09.25

অনুমত্যানুসারে
ভারপ্রাপ্ত অধ্যক্ষ
ড. রমেন ভদ্র
যামিনী মজুমদার মেমোরিয়ালল কলেজ
পতিরাম, দক্ষিণ দিনাজপুর

Teacher-in-charge
Jamini Mazumder Memorial College
Patiram, Dakshin Dinajpur